

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়ের অফিস
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.২২.৩৭১

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১১ অক্টোবর ২০২২ তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকির তথ্য।

হরিণাকুন্ডু উপজেলায় ০১ টি প্রতিষ্ঠানকে ১ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ জিয়াউল হক এর নেতৃত্বে ঝিনাইদহ সদর উপজেলার মহিষাকুন্ডু বাজার ও হরিণাকুন্ডু উপজেলার চারাতলা বাজার ও শিতলি বাজারে তদারকি করা হয়। এসময় শিতলি বাজারে নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য প্রস্তুত ও বিক্রয় করার অপরাধে তাজ হোটেল কে ১০০০/- (এক হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি, উপস্থিত ভোক্তাদের নিকট লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং উপস্থিত জনগণকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা হয়।

আজকের বাজার তদারকিকালে ১১ টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। বাজার তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব মোঃ রেহান হাসান, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, ঝিনাইদহ এবং জনাব আমিনুর রহমান টুকু, সভাপতি, ক্যাব, ঝিনাইদহ। আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

১১-১০-২০২২

মোহাম্মদ জিয়াউল হক

সহকারী পরিচালক

ফোন: ০২৪৭৭৭৪৬৬৫০

ইমেইল: ad-

jhenaidah@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়।

- ৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
- ৫) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সম্পাদক/বার্তা সম্পাদক,, ঝিনাইদহ (আপনার বহল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৭) অফিস কপি।